**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ২৯ ডিসেম্বর ২০১৫, ১৫ পৌষ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জঙ্গি বিষয়ে সতর্ক থাকুন : প্রধানমন্ত্রী

২। বিএনসিসি আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন

৩। উপজেলা হাসপাতালের জরুরি বিভাগ ২৪ ঘন্টা খোলা রাখার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৪। পৌর নির্বাচনে প্রচারণা শেষ : আগামীকাল ভোট

৫। ব্যাংক ব্যবস্থাপনার অনেক ক্ষেত্রে আমরা ভারতের চেয়ে এগিয়ে : গভর্নর

৬। থার্টি ফার্স্ট নাইটে খোলা জায়গায় সমাবেশ নিষিদ্ধ

৭। বিশ্ব এজতেমা উপলক্ষে বিআরটিসির বিশেষ সার্ভিস ৬ জানুয়ারি থেকে

৮। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তিন কোটি টাকার স্বর্ণসহ আটক ১

৯। সরকারি ব্যাংকের ৫৯ শতাংশ শাখা অনলাইন সুবিধার বাইরে

: বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন

১০। সুন্দরবনে ‘বন্দুকযুদ্ধে’ ২ বনদস্যু নিহত

## ১।	জঙ্গি বিষয়ে সতর্ক থাকুন : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন সাম্প্রতিক জঙ্গি তৎপরতা দেশি-বিদেশি চক্রান্তের অংশ। বাংলাদেশকে নিয়ে চক্রান্ত চলছে। এ বিষয়ে মন্ত্রী-প্রতিমন্ত্রীসহ সংশ্লিষ্টদের সতর্ক থাকতে হবে। এ রকম বাস্তবতায় ইংরেজি নববর্ষের সন্ধ্যার পর কোনো অনুষ্ঠান করা ঠিক হবে না। দিনের বেলায় যারা অনুষ্ঠান করতে চান তাদেরকে পুলিশের সঙ্গে যোগাযোগ করতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২৮ ডিসেম্বর সোমবার অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত সাপ্তাহিক সভায় এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **ইনকিলাব** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## ২।	বিএনসিসি আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন

বিএনসিসিকে একটি আধুনিক কাঠামোয় নিয়ে আসা এবং এ বিষয়ে একটি পৃথক অধিদফতর প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশে ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) আইন, ২০১৫-এর খসড়া নীতিগতভাবে অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ২৮ ডিসেম্বর সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **প্রথমআলো** (পৃ.২,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

## ৩।	উপজেলা হাসপাতালের জরুরি বিভাগ ২৪ ঘন্টা খোলা রাখার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

উপজেলা হাসপাতালগুলোতে জরুরি বিভাগের সেবা ২৪ ঘন্টা চালু রাখতে নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ২৮ ডিসেম্বর সোমবার সচিবালয়ে ‘তৃণমূল পর্যায়ে সেবার মান বাড়াতে করণীয়’ বিষয়ে অনুষ্ঠিত বৈঠকে এ নির্দেশ দেন তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৪), **জনকন্ঠ** ( পৃ.৩,ক.১)।

## ৪।	পৌর নির্বাচনে প্রচারণা শেষ : আগামীকাল ভোট

দেশের ২৩৪টি পৌরসভায় গতকাল ২৮ ডিসেম্বর সোমবার মধ্যরাতেই শেষ হয়েছে মিছিল-মিটিংসহ সব ধরনের প্রচার-প্রচারণা। একই সঙ্গে নির্বাচনী এলাকায় মোটর সাইকেল চলাচল বন্ধসহ অন্যান্য যান্ত্রিক যান চলাচলের ওপর কড়াকড়ি আরোপ করা হয়েছে। এ নির্বাচনকে অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে এরই মধ্যে নির্বাচন কমিশন (ইসি) সব ধরনের প্রস্তুতি নিয়েছে। ভোটকেন্দ্র ঘিরে সহিংসতার আশঙ্কা থাকায় বিজিবি এবং র‍্যাব-পুলিশসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী অন্যান্য বাহিনী নিয়োগ করা হয়েছে। আগামীকাল ৩০ ডিসেম্বর বুধবার সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত এই ভোট গ্রহণ চলবে। এ উপলক্ষে নির্বাচনী এলাকায় আগামীকাল ৩০ ডিসেম্বর বুধবার সাধারণ ছুটি থাকছে। সূত্র-**যায়যায়দিন, প্রথম আলো,**

**ইত্তেফাক, সমকাল, জনকণ্ঠ, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউজ টুডে**সহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৫। ব্যাংক ব্যবস্থাপনার অনেক ক্ষেত্রে আমরা ভারতের চেয়ে এগিয়ে : গভর্নর**

বাংলাদেশের ব্যাংক ব্যবস্থাপনা অনেক ক্ষেত্রে ভারতের চেয়ে এগিয়ে রয়েছে বলে মন্তব্য করেছেন কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। প্রত্যেক মানুষের কাছে আর্থিক সেবা পৌঁছে দিতে কাজ করছে বাংলাদেশ ব্যাংক। গতকাল ২৮ ডিসেম্বর সোমবার মিরপুরস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম) মিলনায়তনে ইন্ডিয়ান ব্যাংকিং চ্যালেঞ্জেস এন্ড অপরচুনিটিস শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা ( পৃ.১,ক.৫)।



**৬। থার্টি ফার্স্ট নাইটে খোলা জায়গায় সমাবেশ নিষিদ্ধ**

ইংরেজি বর্ষবরণ অনুষ্ঠান উদ্‌যাপনে উন্মুক্ত স্থানে জমায়েত, সমাবেশ এবং উৎসবে নিষেধাজ্ঞা আরোপ করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। এ ছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়, গুলশান, বনানী ও বারিধারা এলাকায় যানচলাচলও নিয়ন্ত্রণ করবে ডিএমপি। ডিএমপি মিডিয়া সেন্টারে গতকাল ২৮ ডিসেম্বর সোমবার আয়োজিত সংবাদ সম্মেলনে এসব কথা জানান ডিএমপির কমিশনার আছাদুজ্জামান মিয়া। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.১,ক.৫), **ইনকিলাব** ( পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** ( পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট**

( পৃ.১,ক.৩)।

**৭। বিশ্ব এজতেমা উপলক্ষে বিআরটিসির বিশেষ সার্ভিস ৬ জানুয়ারি থেকে**

বিশ্ব এজতেমা উপলক্ষে আগামী ৬ জানুয়ারি থেকে বিআরটিসি বাসের স্পেশাল সার্ভিস শুরু হচ্ছে। এজতেমার ধর্মপ্রাণ মুসল্লিদের যাতায়াতের সুবিধার্থে আগামী ১৯ জানুয়ারি পর্যন্ত এই সার্ভিস চালু থাকবে। রাজধানী ঢাকাসহ আশপাশের জেলার ১৩টি স্থান থেকে ২২৮টি বাস দ্বারা এই সার্ভিস পরিচালিত হবে বলে সড়ক পরিবহণ করর্পোরেশন (বিআরটিসি)'র সূত্র জানায়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩), **যায়যায়দিন** (পৃ.৩ ক.৮), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.৩,ক.৭)।

**৮। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তিন কোটি টাকার স্বর্ণসহ আটক ১**

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তিন কোটি ৪০ লাখ টাকার সাড়ে ছয় কেজি স্বর্ণসহ মালয়েশিয়া ফেরত এক যাত্রীকে আটক করেছেন কাস্টমস কর্মকর্তারা। গতকাল ২৮ ডিসেম্বর সোমবার রাতে বিমানবন্দর এলাকা থেকে তাকে আটক করা হয়।

সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **প্রথমআলো** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ডেইলি স্টার** (পৃ.২,ক.৮)।

**৯। সরকারি ব্যাংকের ৫৯ শতাংশ শাখা অনলাইন সুবিধার বাইরেঃ বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন**

অনলাইন ব্যাংকিং সেবায় পিছিয়ে রয়েছে সরকারি খাতের ব্যাংকগুলো। বর্তমানে সরকারি ব্যাংকগুলোর প্রায় ৫৯ শতাংশ শাখা অনলাইন সুবিধার বাইরে রয়েছে। এতে আধুনিক প্রযুক্তিনির্ভর সেবা থেকে বঞ্চিত হচ্ছেন এসব ব্যাংকের গ্রাহক। সংশ্লিষ্টরা বলেছেন, সুশাসন ও জবাবদিহিতা না থাকায় এবং দুর্বল ব্যবস্থাপনার জন্য সরকারি মালিকানাধীন ব্যাংকগুলো সেবার মান উন্নত করতে পারছেনা। ফলে প্রতিযোগিতায়ও পিছিয়ে পড়ছে তারা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

**১০। সুন্দরবনে ‘বন্দুকযুদ্ধে’ ২ বনদস্যু নিহত**

পূর্ব সুন্দরবনের চাঁদপাই রেঞ্জের তাম্বুলবুনিয়া খালে র‍্যাব-৮ এর সঙ্গে ‘বন্দুকযুদ্ধে’ ২ দস্যু নিহত হয়েছে। এ সময়ে বনের ভিতরে তল্লাশি করে **১৭**টি দেশি ও বিদেশি আগ্নেয়াস্ত্র ও ৪৫০ রাউন্ড গুলি উদ্ধার করেছে র‍্যাব। উদ্ধারকৃত আগ্নেয়াস্ত্র ও বনদস্যুদের লাশ বাগেরহাটের মংলা থানায় হস্তান্তর করা হবে বলে র‍্যাব কর্মকর্তারা জানান । সূত্র-**ইত্তেফাক** (শেষপৃ,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট (** শেষ পৃ.,ক.৮), **নিউএজ (** পৃ.১,ক.৬)।



**সম্পাদকীয়**

ক. **প্রথমআলো, ভোরের কাগজ, জনকণ্ঠ, ডেইল সান, নিউজ টুডে :** আগামীকাল দেশের ২৩৪টি পৌরসভা নির্বাচনের ভোট গ্রহণ শান্তিপূর্ণ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হওয়ার প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** নিজেদের অস্তিত্ব রক্ষার স্বার্থে দেশের নদ-নদীগুলোকে বাঁচাতে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

গ. **জনকণ্ঠ :** রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য বাংলাদেশ ও রাশিয়ার দুটি কোম্পানির মধ্যে চুক্তিপত্র স্বাক্ষরিত হওয়ায় স্বাগত জানিয়ে প্রকল্পটির সাফল্য কামনা।

ঘ. **সংবাদ, ইনকিলাব, যুগান্তর, ডেইল স্টার :** চট্টগ্রামের হাটহাজারিতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযানে স্নাইপার রাইফেলসহ গোলাবারুদ উদ্ধার হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে জঙ্গিবাদ নির্মূলে সচেতনতা সৃষ্টির জন্য সারা বছর অব্যাহতভাবে প্রচার চালানোর পাশাপাশি জঙ্গি বিরোধী পুলিশের বিশেষ ইউনিট গঠনের সুপারিশ।

ঙ. **যায়যায়দিন :** বিদেশে বাংলাদেশি কর্মী পাঠানোর হার বাড়ানো দেশের অর্থনীতির জন্য ইতিবাচক বলে মতপ্রকাশ।

চ. **ডেইলি স্টার, অবজারভার :** বাংলাদেশের অর্থনীতিতে কিছু সুনির্দিষ্ট উন্নয়ন ঘটলেও আইনের শাসন ও জবাবদিহিতার অভাব এবং শক্তিশালী গণতান্ত্রিক প্রতিষ্ঠানের স্বাভাবিক গতি ব্যাহত হলে আমাদের অর্থনৈতিক এবং সামাজিক অগ্রগতি বাধাগ্রস্ত হবে বলে আশঙ্কা প্রকাশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট, প্রথমআলো, সমকাল :** দেশে শক্তিশালী শিল্পখাত গড়ে তোলার স্বার্থে শিল্প মন্ত্রণালয়ের ‘ইনফরমেশন এন্ড রিসার্চ সেল’ স্থাপনের সুপারিশ।

জ. **ডেইলি সান :** দেশে সোলার প্যানেলের দ্বারা বিদ্যুৎ উৎপাদনের বিপুল সম্ভাবনা থাকা সত্ত্বেও এ খাত অবহেলিত থাকায় এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ক্রয়ক্ষমতার মধ্যে গুণগতমানসম্পন্ন সোলার প্যানেল সরবরাহের ব্যবস্থা করার আহ্বান।

ঝ. **নিউ নেশন :** যানজট কমাতে রাজধানীকে রিক্সা সৃষ্ট সমস্যা থেকে মুক্ত করতে জরুরি ভিত্তিতে যথোপযুক্ত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঝ. **নিউএজ :** দোকানদারদের ভ্যাট ফাঁকি প্রতিরোধে এখনই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে অর্থনৈতিক উন্নয়নের জন্য সীমিত সম্পদের সুষ্ঠু ব্যবহারের কোনো বিকল্প নেই বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **‘জলবায়ু পরিবর্তন ও নারী’** শিরোনামের নিবন্ধে হারুন-অর-রশিদ জলবায়ু পরিবর্তন জনিত প্রাকৃতিক দুর্যোগে নারী ও শিশুরাই সবচেয়ে বেশি দুর্ভোগের শিকার  হচ্ছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা